

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৪ শাখা

www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৫-৮৫


তারিখ : ৩০ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সরকার 'বৈসাবি' বা 'বৈসুক', 'সাংগ্রাহি', 'বিজু', 'ফুল বিজু', 'গজ্যাপজ্যা দিন', 'বৈসুমা', 'হারিবৈসু', 'বিসিকাতাল' প্রভৃতি সামাজিক উৎসব উৎসাহ-উদ্দীপনার সঙ্গে পালনের সুবিধার্থে পার্বত্য চট্টগ্রাম এলাকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য বাংলা বর্ষপঞ্জি অনুযায়ী ২৯শে চৈত্র ও দোসরা বৈশাখ তারিখে ঐচ্ছিক ছুটি ঘোষণা করিল। পার্বত্য চট্টগ্রাম এলাকার বাহিরে কর্মরত উক্ত এলাকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কর্মকর্তা-কর্মচারীগণও এই ঐচ্ছিক ছুটি ভোগ করিতে পারিবেন।

০২। উল্লেখ্য, এই মন্ত্রণালয়ের ২৬ কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ/১০ নভেম্বর, ২০১৪ তারিখে ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৫.১২-২৪৬ নং প্রজ্ঞাপনে পহেলা বৈশাখ নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্পেশাল এ্যাফেয়ার্স বিভাগের ১৯/১২/১৪০০ বঙ্গাব্দ/০২/০৪/১৯৯৪ তারিখের স্পেঃএ্যাঃবিঃ(প্রশাসন)-৬৫(৯)/৯৩/১৩৩০ নং পরিপত্রে ৩০ চৈত্র পার্বত্য চট্টগ্রাম এলাকার জন্য বিশেষ স্থানীয় ছুটি ঘোষণা করা হইয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(রোকেয়া বেগম)

উপসচিব

ফোন : ৯৫১৪৪৯২

regulation4@mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৫-৮৫/১(২০)


তারিখ : ৩০ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ০৪। পি এস ও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৫। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৬। বিভাগীয় কমিশনার, (তঁার অধিনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (রেডিও, টেলিভিশন, খবরের কাগজ ইত্যাদি প্রচার মাধ্যমে সম্প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

- ০৮। জেলা প্রশাসক, ----- (তৌর অধিনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় ছাপানো ও প্রকাশনার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।


(রোকেয়া বেগম)
উপসচিব
ফোন : ৯৫১৪৪৯২